

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”



অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ১৪, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অর্থ বিভাগ

(বালুবাড়ি অনুবিভাগ)

আদেশ

তারিখ, ২৬ আশ্বিন, ১৪২৮ বঙ্গাব্দ/১১ অক্টোবর, ২০২১ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নং ৩১৮-আইন/২০২১।—সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ১৫ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ০১ পৌষ, ১৪২২ বঙ্গাব্দ মোতাবেক ১৫ ডিসেম্বর, ২০১৫ খ্রিষ্টাব্দ তারিখের এস, আর, ও নং ৩৬৯-আইন/২০১৫ দ্বারা জারীকৃত চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত আদেশের অনুচ্ছেদ ১২ এর—

(১) উপ-অনুচ্ছেদ (২) এর পর নিম্নরূপ নূতন একটি উপ-অনুচ্ছেদ (২ক) সন্নিবেশিত হইবে, যথা:—

“(২ক) (ক) উপ-অনুচ্ছেদ (২) এ যাহা কিছুই থাকুক না কেন, পিএইচডি ডিগ্রিসহ প্রথম নিয়োগপ্রাপ্ত অথবা চাকরির বা কর্মরত থাকাকালীন পিএইচডি ডিগ্রি অর্জনকারী শিক্ষা বিভাগীয় কোনো কর্মচারী (শিক্ষক) যে পদে কর্মরত থাকিবেন, উক্ত পদের জন্য নির্ধারিত ও আহরিত বেতন গ্রেড অনুযায়ী তিনি পিএইচডি ডিগ্রি অর্জনের জন্য ৩(তিন) টি অগ্রিম বেতনবৃদ্ধির সুবিধা প্রাপ্ত হইবেন:

(১৫১৭৫)

মূল্য : টাকা ৪.০০

তবে শর্ত থাকে যে, উক্তরূপ সুবিধা পরবর্তী পদোন্নতি বা উচ্চতর গ্রেড (টাইমস্কেল, সিলেকশন গ্রেড বা অন্য যে কোনো নামে প্রাপ্য বা প্রাপ্ত উচ্চতর গ্রেড) প্রাপ্তি বা অন্য কোনো ক্ষেত্রে প্রযোজ্য হইবে না এবং ইহা কেবল একবারের জন্য প্রযোজ্য হইবে:

আরও শর্ত থাকে যে, পিএইচডি ডিগ্রির অভিসন্দর্ভের (thesis) বিষয়টি বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক স্বীকৃত এবং শিক্ষকদের শিক্ষাদান সংশ্লিষ্ট বিষয়ের সহিত সামঞ্জস্যপূর্ণ হইতে হইবে;

(খ) দফা (ক) এ যাহা কিছুই থাকুক না কেন, ইতঃমধ্যে যে সকল শিক্ষা বিভাগীয় কর্মচারী (শিক্ষক) প্রথম নিয়োগপ্রাপ্তি ব্যতীত চাকরিরত বা কর্মরত অবস্থায় থাকাকালীন পিএইচডি ডিগ্রি অর্জনের জন্য অগ্রিম বেতনবৃদ্ধির আর্থিক সুবিধা উত্তোলন করিয়াছেন তাহাদেরকে উক্ত উত্তোলিত অর্থ ফেরত প্রদান করিতে হইবে না।”; এবং

(২) উপ-অনুচ্ছেদ (৪) এর পরিবর্তে নিম্নরূপ উপ-অনুচ্ছেদ (৪) প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(৪) উপ-অনুচ্ছেদ (২ক) এর ক্ষেত্রে ব্যতীত অন্যান্য ক্ষেত্রে, এই অনুচ্ছেদে উল্লিখিত অগ্রিম বেতনবৃদ্ধি কেবল চাকরিতে প্রথম নিয়োগ লাভের সময় প্রাপ্য হইবেন এবং উহা পরবর্তী পদোন্নতি প্রাপ্তির ক্ষেত্রে প্রযোজ্য হইবে না”।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

হাবিবুন নাহার  
অতিরিক্ত সচিব।